

🗏 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২:২০৫

💵 আরবি মূল আয়াত:

وَ إِذَا تَوَلِّى سَعٰى فِى الأرضِ لِيُفسِدَ فِيهَا وَ يُهلِكَ الحَرثَ وَ النَّسلَ آ وَ اللَّهُ لَا يُحِبُّ الفَسَادَ ﴿٢٠٥﴾

আর যখন সে ফিরে যায়, তখন যমীনে প্রচেষ্টা চালায় তাতে ফাসাদ করতে এবং ধ্বংস করতে শস্য ও প্রাণী। আর আল্লাহ ফাসাদ ভালবাসেন না। — আল-বায়ান

যখন তোমার কাছ থেকে সে ব্যক্তি ফিরে যায়, তখন দেশের মধ্যে অনিষ্ট ঘটাতে এবং শস্যাদি ও পশুসমূহকে ধবংস করতে চেষ্টা করে কিন্তু আল্লাহ ফাসাদ পছন্দ করেন না। — তাইসিরুল

যখন সে প্রত্যাবর্তন করে তখন তার উদ্দেশ্য থাকে দুনিয়ায় অশান্তি সৃষ্টি করা এবং শস্য-ক্ষেত্র ও জীব-জন্তু বিনাশ করা; এবং আল্লাহ অশান্তি ভালবাসেন না। — মুজিবুর রহমান

And when he goes away, he strives throughout the land to cause corruption therein and destroy crops and animals. And Allah does not like corruption. — Sahih International

২০৫. আর যখন সে প্রস্থান করে তখন সে যমীনে অশান্তি সৃষ্টি এবং শস্যক্ষেত্র ও প্রাণী ধ্বংসের চেষ্টা করে। আর আল্লাহ ফাসাদ ভালবাসেন না।

তাফসীরে জাকারিয়া

(২০৫) আর যখন সে (তোমার কাছ থেকে) প্রস্থান করে, তখন পৃথিবীতে অশান্তি সৃষ্টি করে এবং শস্যক্ষেত্র ও (জীব-জন্তুর) বংশনিপাতের চেষ্টা করে। কিন্তু আল্লাহ অশান্তি পছন্দ করেন না।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন